তারিখঃ ২৭-০৮-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডিসিপ্লিনারী কমিটির এক সভা গত ২৬-০৮-২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫:০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ২য় তলার বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব মেজবাহ উদ্দীন।

সভায় আলোচ্যসূচীসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করতঃ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

১। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ০৯-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত বসুন্ধরা কিংস বনাম লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ

গত ০৯-০৮-২০২১ তারিখ বৃষ্টির কারণে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মাঠ কর্দমাক্ত থাকায় 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর বসুন্ধরা কিংস বনাম লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর খেলার পর আবাহনী লিঃ ঢাকা বনাম আরামবাগ ক্রীড়া সংঘ এর মধ্যকার খেলা নির্ধারিত ছিল বিধায় বসুন্ধরা কিংস বনাম লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর খেলা শেষে বিজয় উদ্‌যাপন করার লক্ষ্যে মাঠে প্রবেশ না করার জন্য ম্যাচ কমিশনার কর্তৃক অনুরোধ করা সত্ত্বেও বসুন্ধরা কিংসের টিম ম্যানেজার জনাব এস এম ওয়াসিমউজ্জামান খেলোয়াড় ও অফিসিয়ালদের নিয়ে মাঠে প্রবেশ করতঃ বিজয় উদ্‌যাপন করেন। এছাড়াও এসময়ে বসুন্ধরা কিংসের মহিলা ফুটবল দলের সহকারী প্রশিক্ষক জনাবা মাহমুদা আক্তারসহ কিছু সমর্থক ১ নং গেট দিয়ে জোড়পূর্বক মাঠে প্রবেশ করে উক্ত বিজয় উৎসবে অংশগ্রহণ করে। বিষয়টি সম্পর্কে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি আলোচনা করে এবং বিস্তারিত আলোচনান্তে বসুন্ধরা কিংস ফুটবল দলকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে বসুন্ধরা কিংস ফুটবল দলকে কঠোরভাবে সতর্ক করণসহ ভবিষ্যতে অনুরূপ কার্যক্রম হতে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ১৪-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত রহমতগঞ্জ এমএফএস বনাম মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ১৪-০৮-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত রহমতগঞ্জ এম এফ এস বনাম মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর মধ্যকার খেলার ৭১ মিনিটের সময়ে মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ কর্ণার কিক হতে গোল করলে উক্ত কর্ণার কিকের সিদ্ধান্ত সঠিক হয়নি বরং হ্যান্ডবল হয়েছে মর্মে রহমতগঞ্জ এম এফ এস এর খেলোয়াড় ও অফিসিয়ালগণ খেলা পরিচালনাকারী রেফারীর নিকট দাবি করে, এসময় খেলা ৪ (চার) মিনিট বন্ধ থাকে। বিষয়টি সম্পর্কে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি আলোচনা করে এবং বিস্তারিত আলোচনান্তে রহমতগঞ্জ এমএফএস ফুটবল দলকে প্রতি মিনিটের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা করে মোট ১২,০০০/- (বার হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করে। একইসঙ্গে রহমতগঞ্জ এমএফএস ফুটবল দলকে কঠোরভাবে সতর্ক করণসহ ভবিষ্যতে অনুরূপ কার্যক্রম হতে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ১৭-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত চট্টগ্রাম আবাহনী লিঃ বনাম রহমতগঞ্জ এমএফএস এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ

'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ১৭-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত চট্টগ্রাম আবাহনী লিঃ বনাম রহমতগঞ্জ এমএফএস এর মধ্যকার খেলা শুরুর পূর্বে রহমতগঞ্জ এমএফএস এর বলবয় জনাব রাজু, জনাব মোঃ সোহাগের সাথে চট্টগ্রাম আবাহনী লিঃ এর বলবয় জনাব জুয়েল রানা মারামারিতে লিপ্ত হয়। বিষয়টি সম্পর্কে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি আলোচনা করে এবং বিস্তারিত আলোচনান্তে উভয় দলের বলবয় জনাব রাজু ও জনাব মোঃ সোহাগ এবং জনাব জুয়েল রানা'কে বাফুফে ডিসিপ্লিনারী কোড এর ধারা ৫৩ অনুযায়ী তাদের নিজ দলের পরবর্তী ৪ (চার) ম্যাচে অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে চট্টগ্রাম আবাহনী লিঃ ও রহমতগঞ্জ এমএফএস ফুটবল দলকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা # ০২

৪। **'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ২১-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ বনাম ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর মধ্যকার ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

<u>সিদ্ধান্তঃ</u>

ক) 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ২১-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ বনাম ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর মধ্যকার খেলার শেষে উভয় দলের খেলোয়াড়গণ যখন ড্রেসিংরুমের দিকে ফিরছিল তখন বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের ১ নং ভিআইপি গেটের ভিতরে দোতলার সিড়ির সামনে ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর বলবয় জনাব আনোয়ারের সাথে লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ দলের খেলোয়াড় জনাব মোহাম্মদ শাকিল আহমেদ (জার্সি নং- ২১) এর ভাই জনাব জাকির আহমেদ এর প্রথমে গালিগালাজ ও পরে মারামারি শুরু হয়, পরবর্তী পর্যায়ে ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর খেলোয়াড় জনাব ছামির উল্ল্যাহ (জার্সি নং- ৩২), বলবয় জনাব রাজু, লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর খেলোয়াড় জনাব মোহাম্মদ শাকিল আহমেদ (জার্সি নং- ২১), খেলোয়াড় জনাব মোঃ ফয়সাল আহমেদ (জার্সি নং- ১৭) এবং একই ক্লাবের সাথে স্টেডিয়ামে আগত এ্যাক্রিডিটেশন কার্ড ব্যতীত বলবয়গণ মারামারিতে লিপ্ত হয়।

বিষয়টি সম্পর্কে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি আলোচনা করে এবং বিস্তারিত আলোচনান্তে লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ ফুটবল দলকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর খেলোয়াড় জনাব মোহাম্মদ শাকিল আহমেদ (জার্সি নং- ২১) ও খেলোয়াড় জনাব মোঃ ফয়সাল আহমেদ (জার্সি নং- ১৭) কে তাদের নিজ দলের ১ (এক) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণ করে, যাহা খেলোয়াড়দ্বয় কর্তৃক ইতিমধ্যেই সম্পন্ন করা হয়েছে। এছাড়াও বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক এ্যাক্রিডিটেশন কার্ড ব্যতীত দর্শক/সমর্থক/বলবয়গণকে মাঠে না নিয়ে আসার জন্য লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ কে নির্দেশনা প্রদান করা হয়।

একইসঙ্গে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি কর্তৃক ব্রাদার্স ইউনিয়ন লিঃ ফুটবল দলকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্রাদার্স ইউনিয়ন লিঃ ফুটবল দলের খেলোয়াড় জনাব ছামির উল্ল্যাহ (জার্সি নং- ৩২) কে তার নিজ দলের ১ (এক) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণ করে, যাহা খেলোয়াড় কর্তৃক ইতিমধ্যেই সম্পন্ন করা হয়েছে। এছাড়াও কমিটি কর্তৃক বাফুফে ডিসিপ্লিনারী কোড এর ধারা ৫৩ অনুযায়ী ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর বলবয় জনাব আনোয়ার ও জনাব রাজু'কে তাদের নিজ দলের পরবর্তী ৪ (চার) ম্যাচে অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর গত ২১-০৮-২০২১ তারিখ অনুষ্ঠিত লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ বনাম ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর মধ্যকার খেলার শেষ বার্শি বাজার সাথে সাথে লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর কয়েকজন খেলোয়াড়সহ দলের সহকারী প্রশিক্ষক জনাব হাসান আল মামুন (নিয়ম বহির্ভূতভাবে মাঠে প্রবেশ করতঃ) কর্নার কিক কেন করতে দেওয়া হলো না এই দাবিতে খেলা পরিচালনাকারী রেফারীকে মাঠের ভিতরে ঘিরে ধরে। বিষয়টি সম্পর্কে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি আলোচনা করে এবং বিস্তারিত আলোচনান্তে লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ এর সহকারী প্রশিক্ষক জনাব হাসান আল মামুন নিয়ম বহির্ভূতভাবে মাঠে প্রবেশ করায় তাহাকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খালিদ মাহমুদ নওমী
এক্সিকিউটিভ-মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।